**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 07-03-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Jan Aushadhi Diwas :**

আজ জনঔষধি দিবস। প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি পরিযোজনার লক্ষ্য হল সকলের জন্য সাশ্রয়ী মূল্যে মানসম্পন্ন জেনেরিক ওষুধ সরবরাহ করা। আকাশবাণীর সংবাদদাতা জানিয়েছেন রাসায়নিক ও সার মন্ত্রক এই উদ্যোগকে সমর্থন করার জন্য সারা দেশে সপ্তাহব্যাপী কার্যক্রমের আয়োজন করেছে।

**************************

**ADC :**

আজ থেকে এডিসি'র দুই দিনের অধিবেশন খুমুলুং-এ পরিষদীয় ভবনে শুরু হচ্ছে। অধিবেশন শুরু হবে সকাল ১১টায়। অধিবেশন শেষ হবে আগামী ১০ই মার্চ। এডিসি'র চেয়ারম্যান জগদীশ দেববর্মা এখবর জানিয়েছেন।

**************************

**President-Women's Day :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল আন্তর্জাতিক নারী দিবসে নতুনদিল্লিতে একটি জাতীয় সম্মেলনের উদ্বোধন করবেন। নারী ও শিশু উন্নয়ন মন্ত্রক "নারী শক্তি থেকে বিকশিত ভারত" এই প্রতিপাদ্য নিয়ে এই সম্মেলনের আয়োজন করছে। এই অনুষ্ঠানে মহিলা সশস্ত্র বাহিনী এবং আধাসামরিক বাহিনীর কর্মকর্তা, দিল্লি পুলিশ, মাই ভারত স্বেচ্ছাসেবক, অঙ্গনওয়াড়ি কর্মী, আশা কর্মী এবং স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা অন্তর্ভুক্ত থাকবেন।

**************************

**Press Meet-TJU :**

ত্রিপুরা জার্নালিস্ট ইউনিয়নের পক্ষ থেকে এবছর আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে রাজ্যের ৬৫ জন মহিলা সাংবাদিককে সম্মাননা দেয়া হবে। এছাড়া কাজের নিরিখে প্রতিবছর একজন সাংবাদিককে শক্তিরূপা পুরস্কার দেওয়া হবে। এই বছর থেকে এই পুরস্কারটি চালু করা হয়েছে।

***************************

**AI :**

ভারত বিশ্বমানের কৃত্রিম বুদ্ধিমত্তা পরিকাঠামো এবং স্টার্ট-আপ ও উদ্ভাবকদের জন্য একটি শক্তিশালী বাস্তুতন্ত্র তৈরি করে কৃত্রিম বুদ্ধিমত্তায় একটি বড় অগ্রগতি অর্জন করছে। ইন্ডিয়াএআই মিশন এবং সেন্টার অফ এক্সিলেন্স ফর এআই প্রতিষ্ঠার মতো উদ্যোগগুলি দেশের কৃত্রিম বুদ্ধিমত্তা বাস্তুতন্ত্রকে শক্তিশালী করছে, উদ্ভাবন এবং স্বনির্ভরতার পথ প্রশস্ত করছে। এই প্রচেষ্টাগুলি ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ, অর্থনৈতিক প্রবৃদ্ধি, শাসন এবং সামাজিক অগ্রগতির জন্য অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহার করে। ২০২৪ সালে ইন্ডিয়াএআই মিশনের অনুমোদনের সঙ্গে সরকার AI ক্ষমতা জোরদার করার জন্য পাঁচ বছরে ১০,৩০০ কোটি টাকা বরাদ্দ করেছে।

***************************

**National TB Elimination Program :**

জাতীয় যক্ষ্মা নির্মূলীকরণ কর্মসূচির অঙ্গ হিসেবে সিপাহীজলা জেলায় ১০০ দিনব্যাপী এক প্রচারাভিযান শুরু হয়েছে। চলবে আগামী ১৭ই মার্চ পর্যন্ত। সিপাহীজলা জেলার জেলাশাসক ডা. সিদ্ধার্থ শিব জয়সওয়াল জানান, এই প্রচারাভিযানে গতকাল পর্যন্ত ৬৮৭টি নিক্ষয় শিবিরে মোট ১ লক্ষ ১ হাজার ২৩৫ জনের পরীক্ষা করে ৪৭ জনের দেহে যক্ষ্মার জীবাণু সনাক্ত করা হয়। তাদের উপযুক্ত চিকিৎসার জন্য ইতিমধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জেলাশাসক জানিয়েছেন।

******************************

**Viksit Bharat CBC program :**

ভারত সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন সেন্ট্রাল ব্যুরো অফ কমিউনিকেশন-এর উদ্যোগে সিপাহীজলা জেলার নলছড় ব্লকের শিবনগর কমিউনিটি হলে বিকশিত ভারতের বিশেষ সচেতনতামূলক অনুষ্ঠান গতকাল অনুষ্ঠিত হয়। স্বচ্ছতা হি সেবা, এক পেড় মাকে নাম, নেশামুক্ত ভারত অভিযান, মিশন লাইফ, মহিলা স্ব-শক্তিকরন, আত্মনির্ভর ভারত ইত্যাদি বিষয়ের উপর আলোচনাচক্রে এলাকার স্ব-সহায়ক দলের মহিলাদের পাশাপাশি বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী ও সাধারণ জনগন অংশ গ্রহণ করেন।

****************************

**Beti Bachao, Beti Padhao-South :**

বেটি বাঁচাও বেটি পড়াও-প্রকল্পে গতকাল পিএমশ্রী জোলাইবাড়ি এম এম দ্বাদশ বালিকা বিদ্যালয়ের ছাত্রীদের নিয়ে এক সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। সভায় জোলাইবাড়ি সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক ডা: গৌরব সরকার অপ্রাপ্তবয়স্ক মেয়েদের বিয়ে এবং সন্তানসম্ভবা হওয়ায় ঝুঁকি ও কুফল সম্পর্কে আলোচনা করেন।

*****************************

**Trishna Sarkar Nursing :**

রাজ্যের দক্ষতা উন্নয়ন অধিদপ্তর এবং এনএসডিসি ইন্টারন্যাশনালের যৌথ উদ্যোগে রাজ্যের বেকার যুবক-যুবতীদের জন্য আন্তর্জাতিক স্তরে কর্মসংস্থানের ব্যবস্থা করা হচ্ছে। তারই ফলস্বরুপ উদয়পুরের তৃষ্ণা সরকার জাপানে নার্সিং ক্ষেত্রে চাকরির সুযোগ পেয়েছেন। এক্ষেত্রে তার ভাষা প্রশিক্ষণ, যাতায়াত এবং অন্যান্য প্রয়োজনীয় ব্যয় সম্পূর্ণভাবে রাজ্যের দক্ষতা উন্নয়ন অধিদপ্তর বহন করেছে বলে জানিয়েছেন দপ্তরের অধিকর্তা মহম্মদ সাজাদ পি।

*****************************

**Tourism Minister :**

কেন্দ্রীয় পর্যটন মন্ত্রক উদয়পুরের বনদুয়ারে সতীপিঠের রেপ্লিকা তৈরিতে ৯৭ কোটি ৭০ লক্ষ টাকা মঞ্জুর করেছে। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী সম্প্রতি দিল্লিতে কেন্দ্রীয় পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াতের সঙ্গে দেখা করলে এই তথ্য দেওয়া হয়। গতকাল মহাকরনে এক সাংবাদিক সম্মেলনে মন্ত্রী শ্রী চৌধুরী বলেন, কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে রাজ্যের পর্যটন শিল্পের বিকাশে বেশ কিছু দাবি পেশ করে ডিপিআর জমা দেওয়া হয়।

****************************

**Police Football :**

৭৩তম বি এন মল্লিক মেমোরিয়াল অল ইন্ডিয়া পুলিশ ফুটবল চ্যাম্পিয়নশিপের পুরুষ ও মহিলা বিভাগের দুটি ফাইনাল ম্যাচ গতকাল উমাকান্ত মাঠে অনুষ্ঠিত হয়। মহিলা বিভাগের ফাইনালে এসএসবি ৩-২ গোলে আসাম রাইফেলসকে এবং পুরুষ বিভাগের ফাইনালে সিআইএসএফ ২-০ গোলে বিএসএফকে পরাজিত করে চ্যাম্পিয়ন হয়েছে। আজ বিকেলে উমাকান্ত স্টেডিয়ামে বিজয়ী দলগুলিকে পুরস্কৃত করা হবে।

*************************

**Weather :**

আজ আকাশ পরিষ্কার থাকবে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৩ ডিগ্রি সেলসিয়াস।

************************